

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-৩ (পরিকল্পনা ও উন্নয়ন)
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ স্মরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

বিষয়: ভূমি সংস্কার বোর্ড-এর “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩” বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: জয়নাল আবেদীন

সদস্য (প্রশাসন) ও ইনোভেশন অফিসার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

তারিখ : ২২-০৯-২০২২ খ্রি।

সময় : সকাল ০৯:৩০ ঘটিকা।

স্থান : ভূমি সংস্কার বোর্ড-এর মিনি কনফারেন্স রুম।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভায় ভূমি সংস্কার বোর্ডের চেয়ারম্যান (সচিব) মহোদয় উপস্থিত থাকায় তাঁর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। অতঃপর তিনি সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩ (অতিরিক্ত দায়িত্ব) ও ইনোভেশন টিমের সদস্যসচিবকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকার আলোকে “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩” অনুযায়ী সভায় এজেন্ডাভুক্ত বিষয়গুলো উপস্থাপনের অনুরোধ জানান।

ইনোভেশন টিমের সদস্যসচিব ও সভার সঞ্চালক সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩” বিস্তারিতভাবে আলোচনা করেন। তিনি জানান যে, সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের লক্ষ্যে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডেটাবেজ প্রস্তুত করণের কার্যক্রম চলমান রয়েছে। সভায় উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দ এবং ভূমি সংস্কার বোর্ডের অন্যান্য কর্মকর্তাবৃন্দ ‘ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২৩’ বাস্তবায়নের বিষয়ে তাদের মতামত ও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্ন বর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।


সিদ্ধান্ত :

১। ভূমি সংস্কার বোর্ডের “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩”-এর ১ম অর্ধবার্ষিকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী নিম্নবর্ণিত কার্যক্রমগুলো ভূমি সংস্কার বোর্ডের শাখাসমূহ ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

কর্মসম্পাদন সূচক	লক্ষ্যমাত্রা	বাস্তবায়নকারী
ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডেটাবেজ প্রস্তুতকৃত	১৩/১০/২০২২	সহকারী ভূমি সংস্কার কমিশনার-০৩
৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন	৩১/১০/২০২২	
৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজন	১	
ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	২ (একটি আয়োজন করা হয়েছে)	সহকারী ভূমি সংস্কার কমিশনার-০১/ আইটি সেল
তথ্য বাতায়নে সকল সেবা হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে)	২	
ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত	৮৫%	

২। ভূমি সংস্কার বোর্ডের “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩”-এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কার্যক্রমগুলো নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন করে প্রমাণকসহ রিপোর্ট শাখা-০১ (প্রশাসন)-এ প্রেরণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি “ই-গভার্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩” বাস্তবায়নের ক্ষেত্রে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: জয়নাল আবেদীন)

সদস্য (প্রশাসন)

ও

ইনোভেশন অফিসার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০১৩.৩৮.০০১.২২. ২০৮

তারিখ: ০৭ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২২ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ (ভূমি সংস্কার বোর্ড কর্তৃক গঠিত ইনোভেশন কমিটির সদস্যগণ):

- ০১। উপ-ভূমি সংস্কার কমিশনার-২, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০২। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৩। সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ✓ ০৫। সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৩। বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ০৪। সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬/হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত সহকারী [সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) মহোদয়গণের সদয় অবগতির জন্য], ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ০৭। অফিস কপি।



(সাবরিনা সুলতানা)

সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩

(অতিরিক্ত দায়িত্ব)

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৮১৭০১৫৮

ই-মেইল: alrc3@lrb.gov.bd